# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**যুক্তিবিদ্যা প্রথম পত্র** বিষয় কোড : | ১ | ২ | ১ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ আর্টের শিক্ষিকা ডলি ম্যাডাম প্রথম দিন ক্লাসে শিক্ষার্থীদের আর্ট কী? কত প্রকার? ফাইন আর্টের ইতিহাস ও আর্ট সম্পর্কে বিভিন্ন শিল্পী ও বিশেষজ্ঞদের সংজ্ঞার স্পষ্ট ধারণা দিলেন।
দ্বিতীয় ক্লাসে তিনি পেন্সিল স্কেচের কৌশলগুলো শিক্ষার্থীদের দেখালেন। শিক্ষার্থীরা খাতায় সোজা লাইন, বৃত্ত ইত্যাদি অনুশীলন করা শুরু করল। এভাবে শিক্ষার্থীদের তিন মাসের প্রশিক্ষণ স্বার্থক হল।

ক. 'Logic' শব্দটির অর্থ কী? ১
খ. এরিস্টটলকে যুক্তিবিদ্যার জনক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে প্রথম ক্লাসের আলোকে যুক্তিবিদ্যার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে যুক্তিবিদ্যার স্বরূপ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ চন্দনা শীল একজন সংগীত শিল্পী। তিনি গান করেন এবং একই সাথে অভিনয় করেন। সাহিত্যেও তার বিচরণ আছে। কাব্যের গভীরতাও তিনি খুব উপলব্ধি করেন। বিভিন্ন আলোচনা সভায় তার সুচিন্তিত মতামত দ্বারা অন্যদের আলোকিত করেন।
রাজ্জাক সাহেব বিশিষ্ট ব্যবসায়ী। দুই হাজার লোক নিয়ে তার সবজি ব্যবসা। তিনি কোনো ক্যামিকেল ছাড়াই তাজা সবজি বিক্রি করেন। তার কাজে রয়েছে সততা ও বিবেচনাবোধ। তাই মানুষ তাকে সম্মান করে।

ক. "উচ্চতর শিক্ষার ক্ষেত্রে যুক্তিবিদ্যার প্রয়োজন আছে।" উক্তিটি কার? ১
খ. "যুক্তিবিদ্যা ও কম্পিউটার বিজ্ঞানের ভাষা হলো প্রতীকী ভাষা" বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে চন্দনা শীলের ব্যক্তিত্বে কোন বিষয়ের প্রতিফলন ঘটছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত বিষয়গুলোর সাথে যুক্তিবিদ্যার কী কোন সাদৃশ্য বা বৈসাদৃশ্য আছে? বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ (১) সব নীতিবান ব্যক্তি হয় সম্মানিত।
(২) কিছু ইঞ্জিনিয়ার নয় নীতিবান।

ক. ব্যাহতার্থক পদ কাকে বলে? ১

Teachingbd24.com
https://teachingbd24.com

খ. পদের ব্যাপ্ততা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে দাগযুক্ত শব্দগুলোর প্রকৃতি ও ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে যুক্তিবাক্য দু'টির মধ্যস্থিত পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৪.▶ (১) ছাতাকৃতি, কৃষ্ণত্ব, নবনীতা, শাড়ি

(২) যামিনী তার স্বামীকে বলল, "তুমি আজ ব্যাংকে যাবে অথবা বাসায় রান্না করবে। যদি তুমি ব্যাংকে না যাও তাহলে আমিই যাব।"

ক. নিশ্চয়তা অনুসারে যুক্তিবাক্য কত প্রকার? ১
খ. পদের ক্ষেত্রে পরিমাণ ও গুণ উভয় বোঝালে তার নাম কী? ব্যাখ্যা করো। ২
গ. ১নং উদ্দীপক দ্বারা কোন পদকে নির্দেশ করা হচ্ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ২ নং উদ্দীপক যামিনীর বক্তব্যে প্রতিফলিত যুক্তিবাক্য দুটোর তুলনামূলক আলোচনা করো। ৪

৫.▶ (১) সব প্রজাপতি সুন্দর।
অতএব সব সুন্দর সত্তা প্রজাপতি।

(২) বইটা টেবিলের ওপর।
চশমাটা বইয়ের ওপর।
অতএব চশমাটা টেবিলের ওপর।

(৩) কিছু মুরগী হয় ফার্মের।
অতএব কিছু মুরগী নয় অ-ফার্মের।

ক. মাধ্যম অনুমান কাকে বলে? ১
খ. A বাক্যের অবৈধ সরল আবর্তন বলতে কী বোঝায়? ২
গ. ৩ নং যুক্তির যৌক্তিক ও প্রতীকী রূপ দেখাও ও এর প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. ১ ও ২নং যুক্তির ভিন্নতা ও বৈধতা বিচার করো। ৪

৬.▶ সিস্টার রীটা বিগত ১৭ জুলাই ২০১৬ খ্রি. তার ব্রতীয় জীবনের ২৫ তম বার্ষিকী উদযাপন করেছেন। তার রক্তের গ্রুপ এ পজেটিব। সবজি বাগান করা তার সখ। গান গাইতে ও শুনতেও তিনি খুব পছন্দ করেন।

তিনি অনেক <u>বিচক্ষণ</u> শিক্ষক। গরীবদের প্রতিও তার অনেক <u>মায়া</u>।

ক. পরমতম জাতি কাকে বলে? ১
খ. বিধেয়ক কোনো পদ নয়- ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে ২য় স্তবকের দাগকৃত শব্দগুলো দ্বারা কোন বিধেয়কে বুঝাচ্ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে ১ম স্তবকের বিধেয়ক গুলোর পার্থক্য বিশ্লেষণ করো। ৪

teachingbd24.com

৭. ▶ দৃশ্যপট ১: সাগর বই পড়ে ও বিক্রি করে।

দৃশ্যপট ২: তিলক তার বন্ধু মিলনকে বলল, "গতকাল সন্ধ্যায় একটা ট্রাক ট্রাফিক সিগন্যাল না মেনে মারাত্মক দুর্ঘটনার কবলে পড়েছে।

দৃশ্যপট ৩: গাছে গাছে সবুজ কচি পাতা, কোকিলের ডাক বসন্তের আভাস দিচ্ছে।

ক. যৌক্তিক যোজক কত প্রকার? ১


খ. প্রতীকী যুক্তিবিদ্যা সাবেকী যুক্তিবিদ্যার পরিণত রূপ- ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট ১ এর আলোকে সত্য সারণি গঠন করে তা ব্যাখ্যা করো। ৩


ঘ. দৃশ্যপট ২ ও ৩ এর মধ্যস্থিত পার্থক্য বিশ্লেষণ করো। এদের মধ্যে কোনটি প্রতীক হতে পারে? কেন? ৪

৮. ▶ দৃশ্যপট ১: লিন ৫০০ গ্রাম পোলাও চাল ও ২০০ গ্রাম ডাল নিল। তারপর পিয়াঁজ, কাঁচা মরিচ, তেল মিলিয়ে মজার খিচুরী রান্না করল।

২নং চিত্র :




৩নং চিত্র:




Teachingbd24.com

ক. শর্ত কত প্রকার? ১

খ. আরোহের কূটাভাস বলতে কী বোঝায়? ২

গ. দৃশ্যপট ১ এ কার্যকারণ সম্পর্কে কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? তা নির্ণয় করে ব্যাখ্যা করো। ৩

ঘ. ২ ও ৩নং চিত্রের মধ্যস্থিত পার্থক্য বিশ্লেষণ করো। তোমার মতে ২নং চিত্র কী সন্তোষজনক? ৪

৯. ▶ দৃশ্যপট ১: বাইরে শিলা বৃষ্টি হচ্ছে। কত বড় শিল পড়ে তা দেখার জন্য শামীম শীলাবৃষ্টি লক্ষ করছিল। শামীমের ইচ্ছা হলো বৃষ্টিতে ভিজে শীল কুড়াবে। কিন্তু অনেক ঝড়ো বাতাস ও বিদ্যুৎ চমকাচ্ছিল। তাই সে বাইরে যেতে ভয় পাচ্ছিল। একটু পর শিল পড়াও বন্ধ হয়ে গেল।


দৃশ্যপট ২: নাবিলার পরীক্ষণাগারে ব্যাঙ এর কিডনি সনাক্ত করতে হবে। প্রথমবার করতে গিয়ে ব্যাঙ লাফ দিল। দ্বিতীয়বার সে ব্যাঙটিকে ভালোমত পিন দিয়ে আটকালেও কিডনি কেটে ফেললো। তৃতীয়বার সে খুব সতর্কতার সাথে কিডনি সনাক্ত করতে পারলো।

ক. আরোহের আকারগত ভিত্তি কাকে বলে? ১
খ. কার্য-কারণ পরস্পর নির্ভরশীল ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যপট ১ এ আরোহের প্রতিফলিত ভিত্তির প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যপট ১ এর তুলনায় ২ এর সুবিধা ও অসুবিধাগুলো বিশ্লেষণ করো। ৪

১০.▶ ১নং চিত্র



২নং চিত্র




৩নং চিত্র




এখানে K = উদ্দেশ্য পদ D = বিধেয় পদ

ক. "As Ebony Opposes Indigo" এ সাংকেতিক বাক্যটি কে ব্যবহার করেন? ১
খ. সাপেক্ষ পদ বলতে কী বুঝায়? ২
গ. ১নং চিত্র অনুসারে মধ্যপদের অবস্থান ব্যাখ্যা কর ও বৈধ মূর্তিগুলোর নাম লেখ। ৩
ঘ. ২নং চিত্র ও ৩নং চিত্র দ্বারা পদের ব্যাপ্যতার সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

১১.▶ (১) যদি বৃষ্টি পড়ে তবে মা খিচুরি রাধবে,
মা খিচুরি রাধবে
অতএব বৃষ্টি পড়ে।

(২) সব ফল টক।
কোনো পেয়ারা টক নয়।
অতএব কোন পেয়ারা ফল নয়।

(৩) ফুল হয় হলুদ।
পাতা হয় হলুদ।
অতএব পাতা হয় ফুল।

ক. মিশ্র সহানুমান কত প্রকার? ১
খ. প্রথম সংস্থানকে কেন নিখুঁত সংস্থান বলা হয়? ২
গ. দৃশ্যপট ১ এর যুক্তিটির যৌক্তিক ও প্রতীকী রূপ দেখাও এবং যুক্তিটি ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যপট ২ ও ৩নং যুক্তির বৈধতা বিচার বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: —সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'কিছু মানুষ হয় ছাত্র'- যুক্তিবাক্যে সম্পর্কের দিক থেকে উপজাতি কোনটি?

ক) কিছু  খ) মানুষ
গ) হয়  ঘ) ছাত্র

২. জ্ঞানের প্রধান উৎস কী?

ক) বিধেয়ক
খ) অনুমান
গ) অনুবন্ধ
ঘ) উপাদান

৩. অনুমানকে বিশ্লেষণ করলে কয়টি দিক পাওয়া যায়?

ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

তমাল বলে, 'সকল জ্ঞানী হয় মানুষ'।

৪. তমালের বক্তব্যকে আবর্তন করলে কোন যুক্তিবাক্য পাওয়া যায়?

ক) A  খ) E
গ) I  ঘ) O

৫. উদ্দীপকের রূপটিকে প্রতিবর্তন করলে কোন যুক্তিবাক্য পাওয়া যায়?

ক) A  খ) E
গ) I  ঘ) O

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

ফাহমিদের দাদু পড়ার টেবিলে এসে দেখনে সে আক্ষরিক বিষয় নিয়ে খুব আনন্দের সাথে পড়াশোনা করছে। তার দাদু বললেন, 'আগে যুক্তিবিদ্যার এই কাজগুলো আমরা অনেক বড করে শুধু তত্ত্ব পড়তাম।'

৬. ফাহমিদা যুক্তিবিদ্যার কোন বিষয়টি নিয়ে পড়াশোনা করছিল?

ক) সাবেকী  খ) প্রতীকী
গ) মাধ্যম  ঘ) অমাধ্যম

৭. দাদুর পঠিত বিষয়টি কোন বিষয়ের ইঙ্গিত প্রদান করে?

ক) সাবেকী  খ) প্রতীকী
গ) মাধ্যম  ঘ) অমাধ্যম

৮. ঘোষিত বিষয়কে অস্বীকার করা হয় কোন ধরনের বাক্যে?

ক) সরল  খ) যৌগিক
গ) সমমানিক  ঘ) নিষেধক

৯. অ-নিরীক্ষণ অণুপপত্তি কত প্রকার?

ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

১০. 'কত্যব্যের জন্য কর্তব্য' কথাটি কে বলেছেন?

ক) কপি  খ) এরিস্টটল
গ) কান্ট  ঘ) যোসেফ

১১. উভয় আশ্রয়বাক্যে মধ্যপদকে অন্তত কয়বার ব্যাপ্য হতে হয়?

ক) এক  খ) দুই
গ) তিন  ঘ) চার

১২. সহানুমানের সিদ্ধান্ত টানা যায় না, কারণ দুটি আশ্রয়বাক্য—

i. বিশেষ হলে
ii. নঞর্থক হলে
iii. সার্বিক বলে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

১৩. 'যদি ফুল ফোটে, তাহলে ভোমর আসে' ফুল ফোটেনি, তাই ভোমর আসেনি'- যুক্তিটিতে কী ঘটেছে?

ক) অণুগ স্বীকৃতিমূলক অনুপপত্তি
খ) পূর্বক অস্বীকৃতিমূলক অনুপপত্তি
গ) চতুষ্পদী অণুপপত্তি
ঘ) অবৈধ প্রধান পদজনিত অনুপপত্তি

১৪. 'Induction'- শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে?

ক) Educare  খ) Dichotomy
গ) Epagogue  ঘ) Definition

১৫. আরোহের কুটাভাস কোন নিশয় কেন্দ্রিক?

ক) প্রকৃতির নিয়মানুবর্তিতা  খ) কার্যকারণ
গ) অবৈধ  ঘ) নির্মধ্যম

Teachingbd24.com

https://teachingbd24.com

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।

রুমনা ও সুমান দুই বোন কলেজে পড়ে। রুমানা কাপড়-চোপড় বই-পুস্তক, বিছানা-টেবিল সুন্দর করে গুছিয়ে রাখে। সে যেকোনো কাজেই একটা নতুনত্ব বের করার চেষ্টা করে। আর সুমনা কাজে-কর্মে ধীর স্থির প্রকৃতির। তার কথাবার্তা, চালচলনে সবাই খুব খুশি।

১৬. রুমনার কাজ-কর্ম নিচের কোনটিকে প্রতিফলিত করে?

ⓚ নীতিবিদ্যা ⓚ শিক্ষা
ⓖ দর্শন ⓖ নন্দনতত্ত্ব

১৭. সুমনা ও রুমনার উপস্থাপিত কার্যক্রম কোন বিষয়ের সঙ্গে বেশি ঘনিষ্ট?

ⓚ গণিত ⓚ যুক্তিবিদ্যা
ⓖ নান্দনিকতা ⓖ মনোবিদ্যা

১৮. যুক্তিবিদ্যার শব্দ কত প্রকার?

ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

১৯. 'বইখানা হল খুব সুন্দর'- যুক্তিবাক্যে সহপদ যোগ্য শব্দ কোনটি?

ⓚ বই ⓚ সুন্দর
ⓖ খুব ⓖ খানা

২০. জাত্যর্থক পদের থাকে—

i. ব্যক্ত্যর্থ
ii. জাত্যর্থ
iii. ব্যাহতার্থ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২১. দর্শনের শাখা কয়টি?

ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

২২. 'Logos' শব্দের অর্থ—

i. ভাষা
ii. চিন্তা
iii. যুক্তি

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৩. 'Organon' গ্রন্থের লেখক কে?

ⓚ জন মিল ⓚ যোসেফ
ⓖ এরিস্টটল ⓖ সক্রেটিস

২৪. চিন্তার মৌলিক সূত্র কয়টি?

ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

২৫. Ethics শব্দটি কোন শব্দ থেকে উদ্ভূত?

ⓚ ইংরেজি ⓚ ল্যাটিন
ⓖ ইতালি ⓖ গ্রিক

২৬. 'A System of Logic' গ্রন্থ কে লিখেছেন?

ⓚ যোসেফ ⓚ কপি
ⓖ মিল ⓖ রিড

২৭. 'শিক্ষক' কী জাতীয় পদ?

ⓚ নিরপেক্ষ ⓚ সাপেক্ষ
ⓖ শর্তযুক্ত ⓖ শর্তহীন

২৮. 'পাপীরা সর্বত্র সম্মানিত নয়'— ব্যাকটির রূপান্তরিত যুক্তিবাক্য কোনটি হবে?

ⓚ A ⓚ E
ⓖ I ⓖ O

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

জসিম শুধুমাত্র ধর্মকেন্দ্রিক মানুষকে জাতি হিসেবে জানত। কিন্তু যুক্তিবিদ্যা ক্লাস করে সে জানতে পারে যে বুদ্ধি নামক গুণের কারণে মানুষের অনেক ধারণা পরিবর্তন হচ্ছে। বেশির ভাগ মানুষই চিন্তাভাবনা করতে ভালোবাসে। আবার মানুষ হাসি-খুশি থাকতেও ভালোবাসে।

২৯. জসিম-এর ধারণাটি কী জাতীয় পদ?

ⓚ শ্রেণিবাচক
ⓚ ব্যক্তিবাচক
ⓖ গুণবাচক
ⓖ পরিমাণবাচক

৩০. উদ্দীপকে মানুষের ভালোবাসার বিষয়গুলো ইঙ্গিত করে—

i. বিভেদক লক্ষণ
ii. উপলক্ষণ
iii. অবান্তর লক্ষণ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com